# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জানাযা

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৮) মৃত্যু ব্যক্তির কোন অঙ্গের উপর জানাযা করা

অনেক স্থানে মৃতের অঙ্গের উপর জানাযা পড়ার ফৎওয়া দেয়া হয়। অথচ উক্ত মর্মে যে সমস্ত বর্ণনা প্রচলিত আছে, তা গ্রহণযোগ্য নয়।

عَنِ الشَّعْبِيِّ قَالَ بَعَثَ عَبْدُ الْمَلِكِ بْنِ مَرْوَانَ بِرَأْسِ عَبْدِ اللهِ بْنِ الزُّبَيْرِ إِلَى ابْنِ حَازِمٍ بِخُرَاسَانَ فَكَفَّنَهُ وَ صَلَّى عَلَيْهِ.

শা‘বী বলেন, আব্দুল মালেক বিন মারওয়ান আব্দুল্লাহ বিন যুবাইরের মাথা পাঠান ইবনু হাযেমের কাছে। তিনি তার কাফন পরান ও জানাযা করেন।[1]

তাহক্বীক্ব : বর্ণনাটি যঈফ। এর সনদে ছায়েদ বিন মুসলিম নামে যঈফ ও পরিত্যক্ত রাবী আছে।[2] ইমাম শা‘বী বলেন, সে ভুল করেছে। তিনি মাথার উপর জানাযা পড়েননি।[3]

عَنْ أَبِىْ أَيُّوْبَ رَضِىَ اللهُ عَنْهُ أَنَّهُ صَلَّى عَلَى رِجْلٍ.

আবু আইয়ূব (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি পায়ের উপর জানাযা পড়েছিলেন।[4] অন্য বর্ণনায় রয়েছে,عَنْ عُمَرَ رَضِىَ اللهُ عَنْهُ أَنَّهُ صَلَّى عَلَى عِظَامٍ بِالشَّامِ ওমর (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি সিরিয়ায় হাড়ের উপর জানাযা পড়েছিলেন।[5]

তাহক্বীক্ব : উক্ত বর্ণনাগুলোর ছহীহ কোন ভিত্তি নেই।[6]

## ফুটনোট

[1]. হাকেম হা/৬৩৪১, ৩/৫৫৩।

[2]. তানক্বীহুল কালাম, পৃঃ ৪৯০।

[3]. أخطأ لا يصلى على الرأس ـ হাকেম হা/৬৩৪১, ৩/৫৫৩।

[4]. মুছান্নাফ ইবনে আবী শায়বাহ হা/১২০২৪, ৩/৩৬৫।

[5]. মুছান্নাফ ইবনে আবী শায়বাহ, ১২০২৫, ৩/৩৬৫।

[6]. দ্রঃ তানক্বীহুল কালাম ফিল আহাদীছিয যঈফাহ ফী মাসাইলিল আহকাম, পৃঃ ৪৯০-৪৯১; ইরওয়াউল গালীল হা/৭১৫, ৩/১৬৯ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2005

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন